



ডেঙ্গু প্রতিরোধে করণীয়

ডেঙ্গু একটি ভাইরাসজনিত জ্বর যা এডিস মশার মাধ্যমে ছড়ায়। এই মশা সাধারণতঃ ভোরবেলা ও সন্ধ্যার পূর্বে কামড়ায়। সাধারণ চিকিৎসাতেই ডেঙ্গু জ্বর সেরে যায়, তবে ডেঙ্গু শক সিনড্রোম এবং হেমোরাজিক ডেঙ্গু জ্বর মারত্বক হতে পারে। বর্ষার সময় এ রোগের প্রকোপ বাড়তে পারে। এডিস মশার বংশ বৃদ্ধি রোধের মাধ্যমে ডেঙ্গু জ্বর প্রতিরোধ করা যায়।



ডেঙ্গু প্রতিরোধে করণীয় :

- ◆ আপনার ঘরে এবং আশেপাশে যে কোন জায়গায়, ফুলের টব, প্লাস্টিকের পাত্র, পরিত্যক্ত টায়ার, প্লাস্টিকের ড্রাম, মাটির পাত্র, বালতি, টিনের কৌটা ডাবের খোসা/নারিকেলের মালা, কন্টেইনার, মটকা, ব্যাটারী শেল ইত্যাদিতে জমে থাকা পানি তিন দিন পর পর অপসারণ করুন।
- ◆ ব্যবহৃত পাত্রের গায়ে লেগে থাকা মশার ডিম অপসারণে পাত্রটি ঘষে ঘষে পরিষ্কার করুন।
- ◆ অব্যবহৃত পানির পাত্র ধ্বংস অথবা উল্টে রাখতে হবে যাতে পানি না জমে।
- ◆ দিনে অথবা রাতে ঘুমানোর সময় অবশ্যই মশারি ব্যবহার করুন।

স্বাস্থ্য বিষয়ক যে কোন তথ্য পেতে ১৬২৬৩, ৩৩৩ নম্বরে কল করুন।

ডেঙ্গু জ্বরে আতঙ্কিত না হয়ে
চিকিৎসকের পরামর্শ নিন, সুস্থ থাকুন



লাইফস্টাইল, বেলায় এডুকেশন এন্ড প্রমোশন
স্বাস্থ্য শিক্ষা বুরো, স্বাস্থ্য অধিদপ্তর
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

